দৈনিক বাংলা

তারিখ ... 10 JUL 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ২ ......

48

ইসলামী বিশ্ববিদ্যালয়

# মুক্তিযুদ্ধের ভাস্কর্য নির্মাণের সিদ্ধান্ত

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ কুষ্টিয়া।–ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধের ভাস্কর্য নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে। গত ৪ জুলাই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সাথে এক মত বিনিময় অনুষ্ঠানে ভাইস-চ্যান্সেলর ডঃ ইনাম-উল হক একথা বলেন। তিনি ভাস্কর্য নির্মাণের উদ্দেশ্যে তিন সদস্যবিশিষ্ট একটি কমিটির নাম ঘোষণা করেন। অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ডঃ মোহাম্মদ মামুনকে আহবায়ক করে গঠিত কমিটিতে অপর দু'জন সদস্য হচ্ছেন, আরবী ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান আ ব ম মোখলেছুর রহমান এবং ছাত্র উপদেষ্টা ফয়েজ মোঃ সিরাজুল হক।

এদিকে ভাস্কর্য নির্মাণকে কেন্দ্র করে বিভিন্ন সংগঠনের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। প্রগতিশীল ছাত্র সংগঠনগুলো ভিসির এ প্রস্তাবকে স্বাগত জানিয়েছে। অপরদিকে, ইসলামী বিশ্ববিদ্যালয় উন্নয়ন পরিষদ ভাস্কর্য নির্মাণের উদ্যোগের বিরোধিতা করেছে। উন্নয়ন পরিষদ মালয়েশিয়া, পাকিস্তান ও উগান্ডার আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের দৃষ্টান্ত উল্লেখ করে এক বিবৃতিতে জানায়, ভাস্কর্যের নামে 'মূর্তি' স্থাপন ইসলামী বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য, উদ্দেশ্য ও ঐতিহ্য বিরোধী।